

বাজুস আয়োজিত প্রথম আন্তর্জাতিক জুয়েলারি মেশিনারিজ প্রদর্শনী বাংলাদেশ ২০২৪'র  
সংবাদ সম্মেলনের লিখিত বক্তব্য:

## সংবাদ সম্মেলন

২৪ জুন-২০২৪

প্রিয় সাংবাদিক বন্ধুরা,

দেশের ঐতিহ্যবাহী ও পণ্যভিত্তিক সর্ববৃহৎ বাণিজ্য সংগঠন বাংলাদেশ জুয়েলার্স এসোসিয়েশন-বাজুস আয়োজিত সংবাদ সম্মেলনে আপনাদের জানাই প্রাণঢালা শুভেচ্ছা। আজকের সংবাদ সম্মেলনে উপস্থিত আছেন বাজুসের সাধারণ সম্পাদক বাদল চন্দ্র রায়, বাজুসের মুখপাত্র ও সাবেক সভাপতি এবং বাজুসের কার্যনির্বাহী সদস্য ডাঃ দিলীপ কুমার রায় সহ-সভাপতি সমিত ঘোষ অপু, বাজুসের উপদেষ্টা রুহুল আমিন রাসেল, কেএনসি সার্ভিসেসের প্রতিষ্ঠাতা প্রধান নির্বাহী কর্মকর্তা ক্রান্তি নাগভেকার (Kranti Gagvekar, Founder & CEO, KNC SERVICES, INDIA) সহ কমিটির অন্যান্য নেতৃবৃন্দ।

প্রিয় সাংবাদিক বন্ধুরা,

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভিশন-২০৪১ ও স্মার্ট বাংলাদেশ গঠনের লক্ষ্যে বাজুস প্রেসিডেন্ট জনাব সায়েম সোবহান আনভীরের পরিকল্পনায় দেশের ইতিহাসে প্রথমবারের মতো আন্তর্জাতিক জুয়েলারি মেশিনারিজ প্রদর্শনী বাংলাদেশ ২০২৪'র আয়োজন করা হয়েছে। এই প্রদর্শনীর প্রতিপাদ্য বিষয় 'গহনায় হোক প্রযুক্তির ছোঁয়া'।

দেশের জুয়েলারি শিল্পের উন্নয়ন ও নতুন নতুন শিল্প কারখানা স্থাপনে বিনিয়োগকারীদের উৎসাহিত করার জন্য আয়োজন করা হয়েছে 'প্রথম আন্তর্জাতিক জুয়েলারি মেশিনারিজ প্রদর্শনী বাংলাদেশ ২০২৪'। আগামী ০৪ জুলাই শুরু হয়ে শেষ হবে ০৬ জুলাই। এই প্রদর্শনী ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরা (আইসিসিবি) হল- ০২, পুষ্পগুচ্ছ, কুড়িল, ঢাকায় অনুষ্ঠিত হবে। প্রতিদিন সকাল ১১ টা থেকে সন্ধ্যা ৭ টা পর্যন্ত প্রদর্শনী দর্শনার্থীদের জন্য উন্মুক্ত থাকবে। এই প্রদর্শনীতে প্রবেশের জন্য কোন টিকিট লাগবে না।

প্রিয় সাংবাদিক বন্ধুরা,

'প্রথম আন্তর্জাতিক জুয়েলারি মেশিনারিজ প্রদর্শনী বাংলাদেশ ২০২৪' এ অংশ নিচ্ছে ভারত, ইতালি, তুরস্ক, সংযুক্ত আরব আমিরাত, জার্মানি, চীন ও থাইল্যান্ড সহ বিশ্বের প্রায় ১০টি দেশের ৩০টি প্রতিষ্ঠান।

এই প্রদর্শনীর ফলে বিশ্বের আধুনিক মেশিনারিজের সাথে এই খাতের ব্যবসায়ীদের পরিচিতি ঘটবে। যার ফলে বিশ্বের সাথে তাল মিলিয়ে আধুনিক জুয়েলারী শিল্প কারখানা স্থাপনের সুযোগ সৃষ্টি হবে। নতুন নতুন শিল্প কারখানা স্থাপিত হলে জুয়েলারী শিল্পের বিকাশ ও রপ্তানির দুয়ার উন্মোচিত হবে। এদেশে স্বর্ণ শিল্পের হারানো ঐতিহ্য আবার ফিরে পাবে। আমাদের দেশের কারিগর বিশ্বের সাথে তাল মিলিয়ে আধুনিক



**BANGLADESH JEWELLER'S ASSOCIATION**  
বাংলাদেশ জুয়েলার্স এসোসিয়েশন

ডিজাইনের গহনা তৈরী করতে সক্ষম হবে। দেশের স্বর্ণ শিল্পীদের গড়া নিত্য নতুন আধুনিক ডিজাইনের অলংকারের পরিচিতি বাড়বে। বাজুস আশা করছে এই প্রদর্শনী দেশীয় জুয়েলারি শিল্পকে সমৃদ্ধশালী করার পাশাপাশি বিশ্ববাজারে একটি নতুন অবস্থান তৈরিতে সহায়ক ভূমিকা রাখবে।

এই প্রদর্শনীতে অংশ নিচ্ছে ভারতের ৬টি প্রতিষ্ঠান- তিষা সিএনসি ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস, নিও ইন্সট্রুমেন্ট, সোলাংকি মেশিনারিজ ওয়ার্কস, ইরা কর্পোরেশন, কোয়ান্টাম ইকুইপমেন্ট, এ্যাকযেট সলিউশন, ইতালির ৩টি প্রতিষ্ঠান জেটিই, ফাষ্টি ও ওমপার, তুরস্কের ৩টি প্রতিষ্ঠান ওটেক, অরটেক ও গুভেনিস জুয়েলারি মোল্ড এন্ড মেশিন। জার্মানীর ফিশার, চীনের ডু ইট ইন্ডাস্ট্রিজ প্রাইভেট লিমিটেড। বাংলাদেশ থেকে অংশ নিচ্ছে ৫টি প্রতিষ্ঠান ড্রিমস ইন্সট্রুমেন্ট টেকনোলজী, বাংলাদেশ সাইন্টিফিক ইন্সট্রুমেন্ট কোম্পানী, এক্সপার্ট ইন্সট্রুমেন্ট, ট্রাস্ট, র্যাটস বিডি।

আমরা আশা করছি এই প্রদর্শনীর মাধ্যমে বাংলাদেশের জুয়েলারি শিল্পের বিদ্যমান অবস্থা এবং এর ভবিষ্যৎ সম্ভাবনা সম্পর্কে দেশবাসীকে অবহিত করা সম্ভব হবে।

'প্রথম আন্তর্জাতিক জুয়েলারি মেশিনারিজ প্রদর্শনী বাংলাদেশ ২০২৪' সফল ও সার্থক করার জন্য গণমাধ্যমের বন্ধুদের সহযোগিতা কামনা করছি।

সমিত ঘোষ অপু

সহ-সভাপতি

বাংলাদেশ জুয়েলার্স এসোসিয়েশন- বাজুস

মোবাইল: ০১৭১৫৯৪০৩৭৫

**BANGLADESH JEWELLER'S ASSOCIATION**

Headquarter: Level-19, Bashundhara City Shopping Complex, Panthapath, Dhaka-1215, Bangladesh.

Hotline: +880-9612120202, Tel: 02-58151012, E-mail: info@bajus.org, www.bajus.org